**AKASHVANI(AIR)**

**RNU: KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date 16-02-2026** **Time: 7.50 PM**

-

বিশেষ বিশেষ খবর –

১) প্রধানমন্ত্রী আবাস যোজনা, ইন্দিরা আবাস যোজনা এবং বাংলার বাড়ির প্রমাণপত্র এস আই আর-এর নথি হিসেবে গৃহীত হবে না বলে নির্বাচন কমিশন জানিয়েছে।

২) সুপ্রিম কোর্টের নির্দেশ না মানায় সাত এইআরও-র বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল মন্তব্য করেছেন।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, এইআরও-দের নির্বাচন কমিশনের নির্দেশিকা মেনে কাজ করার আবেদন জানিয়েছেন।

৩) কলকাতা পুরসভায় আজ ২০২৬-২৭ অর্থবর্ষের জন্য পেশ হওয়া বাজেটের উপর আলোচনা হয়।

৪) রাজ্যে আপাতত শুষ্ক আবহাওয়া বজায় থাকবে বলে আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে।

৫) কল্যাণীতে রঞ্জি ট্রফির সেমিফাইনালের দ্বিতীয় দিনে আজ বাংলার প্রথম ইনিংসের ৩২৮ রানের জবাবে জম্মু ও কাশ্মীর ৫ উইকেটে ১৯৮ রান করেছে।

oooooooooooooooooooooo

এস আই আর প্রক্রিয়ার শুনানির সময় কমিশনের গাইডলাইন এবং সুপ্রিম কোর্টের নির্দেশের বাইরে অপ্রাসঙ্গিক নথিপত্র মঞ্জুর করার কারণেই ওই ৭ আধিকারিক এর বিরুদ্ধে শাস্তি

মূলক ব্যবস্থা নেওয়া হয়েছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন। তিনি বলেন, শুধুমাত্র এই রাজ্যে নয় এস আই আর চলা অন্য কোনো রাজ্যেই কমিশন সরাসরি এ ধরনের কোন পদক্ষেপ নেয়নি। মুখ্য নির্বাচনী আধিকারিক জানান, ভবিষ্যতেও একই অপরাধে অভিযুক্ত অন্যান্য আধিকারিকদের বিরুদ্ধে এ ধরনের ব্যবস্থা নেওয়া হতে পারে।

(Byte - Manoj Agarwal)

এদিকে এস আই আর প্রক্রিয়ার শুনানিতে নির্বাচন কমিশন ও সুপ্রিম কোর্টের নির্ধারিত নথিই জমা পড়ছে কি না, তা জেলা শাসক তথা নির্বাচনী আধিকারিকদের আজ বিকেলের মধ্যে নিশ্চিত করে জানাতে বলেছিল কমিশন। সেই সময় সীমা শেষ হওয়ার আগে আজ ফের নথিপত্র নিয়ে আরো কিছু ব্যাখ্যা দেওয়া হয়েছে কমিশনের তরফে। একটি প্রতিবেদন।

(ভয়েসকাস্ট - অভিরূপ)

oooooooooooooooooooooo

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার এইআরও-দের নির্বাচন কমিশনের নির্দেশিকা মেনে কাজ করার আবেদন জানিয়েছেন। বালুরঘাটে আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, বর্তমানে কোন আধিকারিক কোন ভুল কাজ করলেও তা প্রযুক্তির মাধ্যমে প্রমাণিত হয়। এবিষয়ে তিনি আগেও সব আধিকারিকদের সতর্ক করেছিলেন। নির্বাচনী আচরণ বিধি চালু হওয়ার পর নির্বাচন কমিশন কোন আধিকারিককে সাসপেন্ড করলে সেই সাসপেনশন শুধুমাত্র কমিশন তুলতে পারবে। নির্বাচনের পর তৃণমূল কংগ্রেস নেত্রী পুনরায় ক্ষমতায় এলেও কিংবা বিজেপি সরকার গড়ে উঠলেও সেই সাসপেনশন তুলতে পারবে না।

(বাইট – সুকান্ত)

অন্যদিকে, রাজ্যের সাত AERO-কে সাসপেন্ড করা প্রসঙ্গে সি পি এম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেছেন, তৃণমূল কংগ্রেসই ভূয়ো ও মৃত ভোটারদের নাম তুলছে। এপ্রসঙ্গে রাজনৈতিক পরামর্শদাতা সংস্থা আই প্যাকের কর্ণধার প্রতীক জৈন-এরও সমালোচনা করেন তিনি।

(বাইট - সেলিম)

বিজেপির নির্দেশেই নির্বাচন কমিশন রাজ্যের সাত এইআরওকে সাসপেন্ড করেছে বলে মন্তব্য করেছে তৃণমূল কংগ্রেস। আজ এক এক সাংবাদিক সম্মেলনে রাজ্যের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য, এত এইআরও’র মধ্যে ওই সাতজনকে কী ভাবে বাছা হল, সেই প্রশ্ন তোলেন। এদিন নির্বাচন

কমিশনের একটি চিঠি দেখিয়ে তিনি অভিযোগ করে, যে কোনও ভাবে বাংলার মানুষের নাম বাদ দেওয়াই এদের উদ্দেশ্য।

(বাইট – চন্দ্রিমা)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিধানসভা নির্বাচনের দিনক্ষণ ঘোষনার আগেই ভোটের জন্য বিভিন্ন রুট থেকে বাস তুলে নেওয়ার কাজ শুরু হওয়ায় বেসরকারি বাস মালিক সংগঠন জয়েন্ট কাউন্সিল অফ বাস সিন্ডিকেট রাজ্য সরকারকে চিঠি দিয়েছে। পরিবহন মন্ত্রী স্নেহাশিষ চক্রবর্তী ও দফতরের সচিব সৌমিত্র মোহনকে লেখা চিঠিতে সংগঠনের সম্পাদক তপন বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, কোনরকম আলোচনা ছাড়াই বাস তুলে নেওয়ায় যাত্রী পরিষেবা বিঘ্নিত হতে পারে। পারিশ্রমিক সহ বাসভাড়া এবং অন্যান্য বিষয়ে সংগঠনের সঙ্গে কোনরকম কথাবার্তা হয়নি বলে চিঠিতে ক্ষোভ ব্যক্ত করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার যুব সাথী প্রকল্পের নামে আবারও যুব সমাজের সঙ্গে প্রতারণা করছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন, এর আগে যুবশ্রী প্রকল্প এবং এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক চালু করে ১৭ লক্ষ বেকার যুবক-যুবতীদের ভাতা দেওয়া শুরু হলেও, পরে তা বন্ধ করে দেওয়া হয়।

যুবসাথী প্রকল্পের আবেদন পত্র বিতরণের নামে যুবক যুবতীদের অযথা হয়রানি করা হয়েছে বলেও অভিযোগ করেন তিনি। শুধুমাত্র লাইনে দাঁড় করিয়ে অযথা হয়রানি করা হয়েছে এবং তাদের পুলিশের মারও খেতে হয়েছে।

এদিকে কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য মুখপাত্র দেবজিৎ সরকার যুব সাথী প্রকল্পের আবেদন পত্র সরকারি কর্মীদের পরিবর্তে শাসকদলের কর্মীদের হাতে কেন জমা দিতে হচ্ছে, বা জমা দেওয়ার কোন প্রমাণপত্র কেন দেওয়া হচ্ছে না তা নিয়ে প্রশ্ন তোলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা পুরসভায় আজ ২০২৬-২৭ অর্থবর্ষের জন্য পেশ হওয়া বাজেটের উপর আলোচনা হয়। এর সূচনা করে ডেপুটি মেয়র অতীন ঘোষ জানান, পুরসভার সম্পত্তিকর অন্যতম প্রধান আয়ের উৎস। বিগত অর্থবর্ষের তুলনায় চলতি অর্থবর্ষে প্রায় কুড়ি হাজার করদাতা বেড়েছে। এর পরিমাণ দাঁড়িয়েছে  এক হাজার কোটি টাকার বেশি।

এছাড়া, বিগত পনেরো বছরে শহরে প্রায় ১৩১টি সুস্বাস্থ্য কেন্দ্র নির্মাণ করা হয়েছে।

বিজেপি কাউন্সিলর মীনা দেবী পুরোহিত প্রস্তাবিত বাজেটের সমালোচনা করে বলেন, , বিভিন্ন ওয়ার্ডের পুরস্বাস্থ্য কেন্দ্রগুলোতে চিকিৎসক ও যথাযথ পরিষেবা প্রদানের ব্যবস্থা নেই। এছাড়া, সম্প্রতি প্রায় ৯০ কোটি টাকা অর্থ ব্যয় করে বৈদ্যুতিক যন্ত্রচালিত সুইপিং যান ক্রয় করার সিদ্ধান্তের সমালোচনা করেন তিনি।

সিপিআইএম কাউন্সিলর নন্দিতা রায় প্রস্তাবিত পুর বাজেট প্রসঙ্গে বলেন, পুরসভার বর্তমান শূন্যপদ সংক্রান্ত বিষয়ে কোনোরকম তথ্য পাওয়া যায়নি। বহু গুরুত্বপূর্ণ পদে নিয়োগ হচ্ছে না। শুধু তাই নয়, বর্তমানে বিভিন্ন কাজে আধুনিক যন্ত্রপাতি ক্রয় করতে হলেও সেই সংক্রান্ত হিসাব নিয়েও সঠিক তথ্য নেই বলে তাঁর দাবি।

oooooooooooooooooooooo

নিয়োগের দাবিতে আজ ফের বিকাশ ভবন অভিযান করেন প্রাথমিকের চাকরিপ্রার্থীদের একাংশ। এন.আই.ও.এস - ডি.এল.এড সংগ্রাম মঞ্চের দাবি, সুপ্রিম কোর্ট ১ হাজার ২৩৩ জনকে নিয়োগের নির্দেশ দিলেও তা মানেনি প্রাথমিক শিক্ষা পর্ষদ। এবিষয়ে পর্ষদ সভাপতি গৌতম পালের পদত্যাগের দাবি তোলেন আন্দোলনকারীরা। করুণাময়ীতে পুলিশ তাদের মিছিল আটকালে ধস্তাধস্তির পরিস্থিতি তৈরি হয়। অবিলম্বে তাদের নিয়োগ সম্পন্ন করা এবং নিয়মিত টেট পরীক্ষা নেওয়ারও না হলে আরও বড় আন্দোলনের হুঁশিয়ারী দেওয়া হয়েছে।

oooooooooooooooooooooo

গণশক্তি পত্রিকার প্রাক্তন সম্পাদক নারায়ন দত্ত প্রয়াত। বয়স হয়েছিল ৮২ বছর। বেশ কিছুদিন বার্ধক্যজনিত নানা অসুখে ভুগছিলেন। আজ সকাল সাড়ে দশটা নাগাত বিদ্যাসাগর হাসপাতালে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

দীর্ঘদিন তিনি সিপিআইএম এর রাজ্য কমিটির সদস্য ছিলেন । যুক্ত ছিলেন স্বাধীনতা পত্রিকার সঙ্গেও। তাঁর প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছেন দলীয় নেতৃত্ব। নারায়ণ দত্তের দেহ প্রথমে নিয়ে যাওয়া হয় সিপিআই(এম) রাজ্য দপ্তর মুজফ্ফর আহমেদ ভবনে। সেখানে শ্রদ্ধা জানান, প্রবীণ সিপিআই(এম) নেতা বিমান বসু, পলিট ব্যুরো সদস্য শ্রীদীপ ভট্টাচার্য, তপন সেন, কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী, গণশক্তি-র সম্পাদক শমীক লাহিড়ী, গণশক্তি প্রিন্টার্সের পক্ষে বিমান ব্যানার্জি, রবীন দেব সহ বিভিন্ন নেতৃবৃন্দ। রাজ্য দপ্তর থেকে মিছিল করে তাঁর দেহ গণশক্তি

দপ্তরে নিয়ে যাওয়া হয়। সেখানে শ্রদ্ধাজ্ঞাপনের পর কেওড়াতলা মহাশ্মশানে তাঁর শেষকৃত্য সম্পন্ন হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে আপাতত শুষ্ক আবহাওয়া বজায় থাকবে এবং আগামী চার দিন দক্ষিণবঙ্গে তাপমাত্রার বিশেষ কোন পরিবর্তন হবে না। তবে , চলতি সপ্তাহের শেষের দিক থেকেই তাপমাত্রা ধীরে ধীরে দু থেকে তিন ডিগ্রি পর্যন্ত বাড়বে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

এদিকে দক্ষিণ বঙ্গোপসাগরের মধ্যভাগে তৈরি ঘূর্ণাবর্তটি আজ সকালে নিম্নচাপ এলাকায় পরিণত হলেও এর প্রত্যক্ষ প্রভাব এরাজ্যে পড়ার সম্ভাবনা নেই।

আলিপুরে সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৯ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে এক ডিগ্রি কম। সর্বনিম্ন তাপমাত্রা ছিল স্বাভাবিকের আড়াই ডিগ্রী নীচে।

আগামীকাল উত্তরবঙ্গের জেলাগুলিতে সকালের দিকে বিক্ষিপ্তভাবে কুয়াশার পূর্বাভাস রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কল্যানীতে রঞ্জি ট্রফি সেমিফাইনালের  আজ দ্বিতীয় দিনে জম্মু ও কাশ্মীরের বিরুদ্ধে বাংলার প্রথম ইনিংস ৩২৮ রানে শেষ হয়েছে। সুদীপ ঘরামী ১৪৬ রান করেছেন। জম্মু ও কাশ্মীরের হয়ে আকিব নবি পাচঁ উইকেট নিয়েছেন। প্রথম ইনিংসে ব্যাট করতে নেমে দিনের শেষে জম্মু ও কাশ্মীর পাঁচ উইকেটে ১৯৮ রান করেছে। বাংলার প্রথম ইনিংসের তুলনায়  তারা ১৩০ রানে পিছিয়ে আছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০